

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২৩-৪১৯

তারিখ: ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু জনাব আবুল কালাম, পিতা: মফিজুর রহমান, ১৭৭/৮, ফলেশ্বর রোড, ফলেশ্বর, উপজেলা: ফেনী সদর, জেলা: ফেনী, ফেনী পৌরসভার ০৬ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালন করছেন;

যেহেতু, জনৈক গরু ব্যবসায়ী জনাব শাহু জালাল-কে গুলি করে হত্যার অভিযোগে তাকে প্রধান আসামী করে ফেনী মডেল থানায় গত ১৬ জুলাই ২০২১ তারিখে দণ্ডবিধি ৩০২/০০১/৩৪ ধারায় জিআর মামলা নং ৪১৭/২০২১ দায়ের করা হয়েছে;

যেহেতু, উক্ত মামলার অভিযোগপত্র গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত, ফেনী কর্তৃক গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ইস্যু করা হয়েছে এবং তিনি বর্তমানে পলাতক রয়েছেন;


যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী কোন পৌরসভার কাউন্সিলর এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে মর্মে বিধান রয়েছে; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে বিজ্ঞ আদালত কর্তৃক অভিযোগপত্র গৃহীত হয়েছে, গ্রেফতারি পরোয়ানা ইস্যু করা হয়েছে এবং তিনি বর্তমানে পলাতক রয়েছেন বিধায় তার কর্তৃক ফেনী পৌরসভার কাউন্সিলর এর ক্ষমতা প্রয়োগ করা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী জনাব আবুল কালাম, পিতা: মফিজুর রহমান, ১৭৭/৮, ফলেশ্বর রোড, ফলেশ্বর, উপজেলা: ফেনী সদর, জেলা: ফেনী-কে ফেনী পৌরসভার ০৬ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২৩-৪১৯/১(২০)

তারিখ: ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ফেনী
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো।)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মেয়র, ফেনী পৌরসভা, ফেনী
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১০. জনাব আবুল কালাম, কাউন্সিলর (সাময়িকভাবে বরখাস্ত), ০৬ নং সাধারণ ওয়ার্ড, ফেনী পৌরসভা, ফেনী, পিতা: মফিজুর রহমান, ১৭৭/৮, ফলেশ্বর রোড, ফলেশ্বর, উপজেলা: ফেনী সদর, জেলা: ফেনী।



মোঃ আব্দুর রহমান
উপসচিব